দৈনিক বাংলা

তারিখ ... ২৪।৯।৭৮ ...
পৃষ্ঠা... ... ... কলাম... ... ...



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়, নোয়াখালী।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা নোয়াখালী জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ নিমিত্ত মহকুমাভিত্তিক তালিকা প্রণয়নের জন্য নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন পুরুষ ও মহিলা প্রার্থীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

**শিক্ষাগত যোগ্যতা :**

(ক) বিএড ও সিএডসহ বিএ/বিকম/বিএসসি তবে বিএড পরীক্ষায় উচ্চমানের দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী থাকিলে তাহাদের ক্ষেত্রে সিএড সার্টিফিকেট অর্জন করার প্রয়োজনীয়তা শিথিল করা হইবে।

(খ) প্রাথমিক শিক্ষায় প্রশিক্ষণ সহ বিএড/ডিপ্লোমা-ইন-এডুকেশন/বিএ-ইন-এডুকেশন।

(গ) সিএড সহ বিএ/বিকম/বিএসসি।

(ঘ) সিএড সহ উচ্চ মাধ্যমিক বা সমপর্যায়ভুক্ত পরীক্ষায় উত্তীর্ণ।

(ঙ) ২য় বিভাগে এসএসসি ও সিএড পাস।

সাদা কাগজে নিজের পুরা নাম, পিতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, জাতীয়তা এবং বিভিন্ন পরীক্ষা পাসের বিবরণ উল্লেখ করতঃ দুই প্রস্থ সত্যায়িত পাসপোর্ট আকারের ফটো, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সার্টিফিকেট ও বয়স প্রমাণের সনদপত্রের সত্যায়িত নকলসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট ১০-১০-৭৮ তারিখের মধ্যে দরখাস্ত দাখিল করিতে হইবে। প্রার্থীগণকে অবশ্যই নোয়াখালী জেলার বাসিন্দা হইতে হইবে এবং আগামী ৩০শে সেপ্টেম্বর/৭৮ তারিখে প্রার্থীগণের বয়স ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে।

ফেনী মহকুমার প্রার্থিগণকে আগামী ১৮-১০-৭৮ তারিখ বেলা ৯-০০ ঘটিকার সময় ফেনী সরকারী পাইলট হাইস্কুল ও নোয়াখালী সদর মহকুমার প্রার্থিগণকে আগামী ১৬-১০-৭৮ ইং সকাল ৯-০০ ঘটিকার সময় নোয়াখালী জেলা স্কুলে লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য বাছাই কমিটির সম্মুখে যাবতীয় শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের মূল সনদ সহ হাজির হইতে হইবে। এই ব্যাপারে পৃথকভাবে কোন চিঠি দেওয়া হইবে না এবং তজ্জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হইবে না।

প্রার্থিগণকে প্রয়োজনীয় কাগজ ও কালি-কলম সঙ্গে আনিতে হইবে।

(জহিরুল আলম)
জেলা বিদ্যালয় পরিদর্শক, নোয়াখালী।

তবম—৪৩১২
জি—২৫৯৩